

# প্রশিক্ষণ ছাড়া বিদেশে গিয়ে কর্মীরা নানা সমস্যার সম্মুখীন হচ্ছে

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি

সৌদিআরব, ১৬ সেপ্টেম্বর ২০১৯

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি বলেছেন, প্রশিক্ষণ ছাড়া বিদেশে গিয়ে কর্মীরা নানা সমস্যার সম্মুখীন হচ্ছে। তাই দক্ষ কর্মী পাঠানোর বিষয়ে গুরুত্ব দিচ্ছে সরকার। তিনি আরো বলেন, কম খরচে কিভাবে বিদেশে কর্মী পাঠানো যায় সে বিষয়ে কাজ করছে সরকার। এছাড়া বিদেশে দক্ষ জনশক্তি প্রেরণের জন্য বাংলাদেশে আধুনিক ও উন্নতমানের প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা হয়েছে।

সোমবার ( ১৬ সেপ্টেম্বর ) সৌদি আরবের রিয়াদে জনশক্তি নিয়োগকারী বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে দক্ষ মানবসম্পদ বিষয়ক " Bangladesh A Hub for Affordable and Quality Human Resources" শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এসব কথা বলেন।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী বলেন, সৌদি আরবের সাথে বাংলাদেশের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে, বাংলাদেশ চায় আগামী দিনে ঘনিষ্ঠ সহযোগিতার মাধ্যমে এ সম্পর্ক আরও দৃঢ় হবে। সৌদি নিয়োগকারী প্রতিষ্ঠানগুলোকে তাঁদের চাহিদা জানানোর জন্য আহ্বান জানিয়ে তিনি বলেন, এতে করে বাংলাদেশ থেকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে কর্মী পাঠানো সম্ভব হয়।

রিয়াদে বাংলাদেশ দূতাবাসের শ্রম কল্যাণ উইং আয়োজিত এ সেমিনারে আরো উপস্থিত ছিলেন দূতাবাসের উপ-মিশন প্রধান ড. নজরুল ইসলাম। সভার শুরুতে বাংলাদেশের বিভিন্ন সেক্টরে দক্ষ ও প্রশিক্ষিত জনশক্তির বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জাহিদ হোসেন ও সারওয়ার আলম।

সেমিনারে সৌদি আরবে বাংলাদেশের জনশক্তি নিয়োগকারী বিভিন্ন প্রতিষ্ঠানের প্রায় ৪০ জন প্রতিনিধি অংশ নেয়। উল্লেখযোগ্য নিয়োগকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে আল বাওয়ানী কোম্পানি, হারফি ফুড সার্ভিস লিমিটেড, সামাসকো, আরকো, তেজারত কোম্পানি, আল জাযিরা কোম্পানি, হামেদ সাউদ আল উতাইবী, সিডার কোম্পানি, আলফাহাদ, শাফরজি পালনজি কোম্পানি। বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ বাংলাদেশ থেকে দক্ষ, আধা দক্ষ জনশক্তি নিয়োগের আগ্রহ প্রকাশ করেন।

